

☰ নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১ : ২৮

📖 আরবি মূল আয়াত:

رَبِّ اغْفِرْ لِي وَ لِوَالِدَيَّ وَ لِمَنْ دَخَلَ بَيْتِي مُؤْمِنًا وَ لِلْمُؤْمِنِينَ وَ
الْمُؤْمِنَاتِ ۗ وَ لَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا تَبَارًا ﴿٢٨﴾

A ✎ অনুবাদসমূহ:

‘হে আমার রব! আমাকে, আমার পিতা-মাতাকে, যে আমার ঘরে ঈমানদার হয়ে প্রবেশ করবে তাকে এবং মুমিন নারী-পুরুষকে ক্ষমা করুন এবং ধ্বংস ছাড়া আপনি যালিমদের আর কিছুই বাড়িয়ে দেবেন না।’ — আল-বায়ান

হে আমার রব! তুমি ক্ষমা কর আমাকে, আমার পিতামাতাকে যারা আমার গৃহে মু’মিন হয়ে প্রবেশ করে তাদেরকে আর মু’মিন পুরুষ ও মু’মিন নারীদেরকে; আর যালিমদের জন্য ধ্বংস ছাড়া আর কিছুই বৃদ্ধি করো না।’
— তাইসিরুল

হে আমার রব! তুমি ক্ষমা কর আমাকে, আমার মাতা-পিতাকে এবং যারা মু’মিন হয়ে আমার গৃহে প্রবেশ করে তাদেরকে এবং মু’মিন পুরুষ ও মু’মিনা নারীদেরকে; আর যালিমদের শুধু ধ্বংসই বৃদ্ধি কর। — মুজিবুর রহমান

My Lord, forgive me and my parents and whoever enters my house a believer and the believing men and believing women. And do not increase the wrongdoers except in destruction." — Sahih International

২৮. হে আমার রব! আপনি ক্ষমা করুন আমাকে। আমার পিতামাতাকে এবং যারা মুমিন হয়ে আমার ঘরে প্রবেশ করে তাদেরকে এবং মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে; আর যালিমদের শুধু ধ্বংসই বৃদ্ধি করুন।

তফসীরে জাকারিয়া

(২৮) হে আমার প্রতিপালক! তুমি ক্ষমা কর আমাকে, আমার পিতা-মাতাকে এবং যারা বিশ্বাসী হয়ে আমার গৃহে প্রবেশ করেছে তাদেরকে এবং বিশ্বাসী পুরুষ ও বিশ্বাসী নারীদেরকে। [1] আর অনাচারীদের শুধু ধ্বংসই বৃদ্ধি কর। [2]

[1] কাফেরদের জন্য বদুআ করার পর তিনি নিজের জন্য এবং মু’মিনদের জন্য ক্ষমা প্রার্থনা করলেন।

[2] এই বদুআ হল কিয়ামত পর্যন্ত আগত সমস্ত যালিমদের জন্য। যেমন উল্লিখিত দু’আ সমস্ত মু’মিন পুরুষ এবং

সমস্ত মু'মিন মহিলাদের জন্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5447>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন